

রেজিস্টার্ড নং ডি এ-১

বাংলাদেশ



গেজেট

অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

মঙ্গলবার, জানুয়ারি ২৭, ২০১৫

দুর্নীতি দমন কমিশন
প্রধান কার্যালয়
ঢাকা

প্রজ্ঞাপন

তারিখ: ২৮ ডিসেম্বর ২০১৪

নং দুদক/৩০-২০০৮(গ)/সংস্থাপন(অংশ-৬)/৩৭৫৭৭—দুর্নীতি দমন কমিশনের শূন্য পদের বিপরীতে নিম্নলিখিত ব্যক্তিকে নিম্নবর্ণিত শর্তে জাতীয় বেতন স্কেল ২০০৯-এর টাকা ৮০০০-৪৫০×৭-১১১৫০-ইবি-৪৯০×১১-১৬৫৪০ বেতনক্রমে দুর্নীতি দমন কমিশনের উপসহকারী পরিচালক হিসেবে নিয়োগ করা হলো :

ক্রমিক নং	রোল নম্বর	নাম	নিজ জেলা
(১)	৪৩৫৫৭	নুরুল ইসলাম	কুমিল্লা

শর্তাবলী :

- যোগদানের তারিখ হতে এ নিয়োগ কার্যকর হবে;
- দুর্নীতি দমন কমিশন (কর্মচারী) চাকুরী বিধিমালা, ২০০৮-এর ৭(১)(ক) বিধি অনুযায়ী নিয়োগপ্রাপ্ত কর্মকর্তাগণ নিয়োগের তারিখ হতে ০২ (দুই) বৎসরের জন্য শিক্ষানবিস থাকবেন;
- শিক্ষানবিসকালীন দুর্নীতি দমন কমিশন (কর্মচারী) চাকুরী বিধিমালা, ২০০৮-এর ৭(২)(ক) এবং ৫৪(১) ধারা অনুযায়ী কমিশন যে কোন শিক্ষানবিসের চাকুরির অবসান ঘটাতে পারবে;

(৬৫৭)

মূল্য : টাকা ৪.০০

- (ঘ) দুর্নীতি দমন কমিশন (কর্মচারী) চাকুরী বিধিমালা, ২০০৮-এর ৭(৩) বিধি অনুযায়ী শিক্ষানবিসকালে সাফল্যজনকভাবে দায়িত্ব পালনের পর সরকার ও কমিশন কর্তৃক সময় সময় জারীকৃত অন্যান্য শর্তাবলী পূরণ ও কর্তৃপক্ষের সন্তুষ্টি সাপেক্ষে কমিশনের বিধি মোতাবেক চাকুরি স্থায়ী করা হবে;
- (ঙ) নিয়োগপত্রে সুনির্দিষ্টভাবে বর্ণিত হয়নি এরূপ ক্ষেত্রে কমিশনের/সরকারের প্রচলিত আইন, আদেশ, বিধিমালা এবং কমিশন/সরকার কর্তৃক নির্ধারিত বিধি-বিধান দ্বারা নিয়ন্ত্রিত হবে;
- (চ) দুর্নীতি দমন কমিশন (কর্মচারী) চাকুরী বিধিমালা, ২০০৮-এর ১৬(২) বিধি অনুযায়ী জ্যেষ্ঠতা নির্ধারণ করা হবে;
- (ছ) যোগদানের পূর্বে স্বাস্থ্য অধিদপ্তরের মহাপরিচালক কর্তৃক গঠিত মেডিক্যাল বোর্ড দ্বারা স্বাস্থ্যগত উপযুক্ততার সনদ সন্তোষজনক না হলে এ নিয়োগ বাতিল বলে গণ্য হবে (স্বাস্থ্য পরীক্ষার বিষয়ে স্বাস্থ্য অধিদপ্তরে যোগাযোগ করার পরামর্শ দেয়া গেল);
- (জ) দাখিলকৃত সকল শিক্ষাগত যোগ্যতার সনদ, মুক্তিযোদ্ধা সনদসহ অন্যান্য সনদের সত্যতা যাচাই করে সন্তোষজনক পাওয়া না গেলে কিংবা ভূয়া বলে প্রমাণিত হলে এ নিয়োগ বাতিল বলে গণ্য হবে;
- (ঝ) চাকুরিতে যোগদানের জন্য কোন প্রকার টিএ/ডিএ প্রদান করা হবে না।

২। উপরোক্ত শর্তাবলীর আওতায় চাকুরিতে যোগদানে সম্মত হলে আগামী ১৮-০১-২০১৫ হতে ২০-০১-২০১৫ তারিখের মধ্যে সচিব, দুর্নীতি দমন কমিশন, প্রধান কার্যালয়, ১, সেগুনবাগিচা, ঢাকা-১০০০ বরাবর যোগদানপত্র দাখিল করতে হবে।

৩। জনস্বার্থে এ আদেশ জারী করা হলো।

মোঃ মাকসুদুল হাসান খান
সচিব।

মোঃ নজরুল ইসলাম (উপসচিব), উপপরিচালক, বাংলাদেশ সরকারি মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।

মোঃ আলমগীর হোসেন (উপসচিব), উপপরিচালক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস,

তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত। website: www.bgpress.gov.bd